40

দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 AUG 1997
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ইংরেজী ভাষা শিক্ষণ উন্নয়নে ২০ কোটি টাকার ব্রিটিশ অনুদান

ব্রিটেনের আন্তর্জাতিক উন্নয়ন বিভাগ (ডিএফআইডি-সাবেক ওডিএ) বাংলাদেশ সরকারের তিন বছর মেয়াদী ইংরেজী ভাষা শিক্ষণ উন্নয়ন প্রকল্পের (ইএলটিআইপি) জন্য ২৯ লাখ পাউন্ড স্টার্লিং (প্রায় ২০ কোটি ৩০ লাখ টাকা)-এর এক অনুদান অনুমোদন করেছে।

ব্রিটিশ ভারপ্রাপ্ত হাইকমিশনার মিরিয়াম ম্যাকইনটশ বৃহস্পতিবার সকালে ঢাকায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কার্যালয়ে এক অনাড়ম্বর অনুষ্ঠানে এ সংক্রান্ত আনুষ্ঠানিক বিনিময়পত্র স্বাক্ষর করেন। বাংলাদেশ সরকারের পক্ষে বিনিময়পত্র স্বাক্ষর করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব ড. এএইচএম মশিউর রহমান।

প্রকল্পটির লক্ষ হচ্ছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইংরেজী ভাষা শিক্ষণ ও শিক্ষার মান উন্নয়ন। ইংরেজী ভাষা শিক্ষা উন্নয়নে যে প্রধান তিনটি পরস্পরনির্ভর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়কে সহায়তা প্রদান করা হবে তা হলো, শিক্ষাক্রম উন্নয়ন, শিক্ষক প্রশিক্ষণ এবং মূল্যায়ন। প্রকল্প কৌশলের মধ্যে রয়েছে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে ইংরেজী ভাষা শিক্ষণ যোগ্যতা উন্নয়ন এবং চাকরিরত শিক্ষকদের প্রশিক্ষণ ও পেশাগত সহায়তার জন্য ইংরেজী ভাষা শিক্ষণ সম্পদ কেন্দ্র স্থাপন। —বিজ্ঞপ্তি।